গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২৫.২০২০ . ০৪৮ তাং- ০৭/৫/১৪২৮ বঙ্গাব্দ
২২/৮/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং ০৩২/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব জ্যোৎস্না সরকার, পিতা: কৃষ্ণপদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা কর্তৃক প্রদত্ত ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার চেক ডিজঅনার হওয়ায় আপনার সহকর্মী শিরিন সুলতানা, সিনিয়র স্টাফ নার্স এর স্বামী শেখ মো: জামাল উদ্দিন আপনার বিরুদ্ধে গত ০৩-০৯-২০১৯ তারিখে বিজ্ঞ মহানগর হাকিমের আমলী আদালত সোনাডাঙ্গা, খুলনা এন.আই অ্যাক্ট এর আওতায় ১৩৮ ধারায় মামলা দায়ের করেন। মামলা নং সোনাডাঙ্গা সি, আর-৫১০/১৯। বিজ্ঞ আদালত হতে উক্ত মামলার প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সমন জারী করা হয়। শেখ মো: জামাল উদ্দিন এ বিষয়টি গত ১০-১০-২০১৯খ্রি: তারিখে এ অধিদপ্তরে অবহিত করেছেন;

২। যেহেতু, এ অধিদপ্তর হতে গত ২৮-০১-২০২১ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২৫.২০.৭২ নং স্মারকে এ অভিযোগের বিষয়ে শুনানীর নির্দেশ দেওয়া হলে আপনি শুনানীতে স্বীকার করেছেন যে, আপনার সহকর্মী শিরিন সুলতানা এর স্বামী শেখ মো: জামাল উদ্দিন এর নিকট হতে গত ২০-০২-২০১৯ তারিখে ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা চেকের মাধ্যমে ধার হিসেবে গ্রহণ করেছেন;

৩। এ অধিদপ্তর হতে গত ০৩-০২-২০২১ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২৫.২০.৯৩ নং স্মারকে এ অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, আপনি সুদের ব্যবসায়ের সাথে জড়িত এবং প্রতারণার মাধমে বিভিন্ন জনের নিকট থেকে বিপুল পরিমাণ টাকা হাতিয়ে নিয়েছেন এবং বিভিন্নভাবে সকলের সাথে প্রতারণা করে আসছেন;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, এক্ষণে জনাব জ্যোৎস্না সরকার, পিতা: কৃষ্ণপদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা আপনাকে "অসদাচরণ" এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অভিযুক্ত করা হল এবং কেন একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক আপনাকে চাকরী হতে বরখাস্ত করা হবে না অথবা কেন একই বিধিমালায় বর্ণিত অন্য কোন দন্ড প্রদান করা হবে না তার কারণ উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল এবং এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসংগে সংযুক্ত করা হল।


সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ৪১০৮০৮২১
ই-মেইল: dg@dgnm.gov.bd


জনাব জ্যোৎস্না সরকার
পিতা: কৃষ্ণপদ সরকার
সিনিয়র স্টাফ নার্স
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

নং-৪৫.০৬.০০০০.০০৭.২৭.০২৫.২০২০-৩৪৮-১(১১)তম ০৭/৫/২০২৪ 22/৮/2022

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

০৪। চীফ একাউন্টস এন্ড-ফিন্যান্সিং অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৬। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা।

০৫। সিভিল সার্জন, খুলনা।

০৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮। সেবা তত্ত্বাবধায়ক [illegible] মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

০৯। জেলা পাবলিক হেলথ নার্সসিভিল সার্জন অফিস, খুলনা।

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তানার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১। জনাব জ্যোৎস্না সরকার, পিতা: কৃষ্ণপদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

০১/৮/২১

মো: নাসির উদ্দিন

উপসচিব

পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

<u>অভিযোগ বিবরণী</u>

জনাব জ্যোৎস্না সরকার, পিতা: কৃষ্ণপদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা এর বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগ উত্থাপিত হয়েছে।

জনাব জ্যোৎস্না সরকার, পিতা: কৃষ্ণপদ সরকার, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা কর্তৃক প্রদত্ত ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার চেক ডিজঅনার হওয়ায় তার সহকর্মী শিরিন সুলতানা, সিনিয়র স্টাফ নার্স এর স্বামী শেখ মো: জামাল উদ্দিন গত ০৩-০৯-২০১৯ তারিখে বিজ্ঞ মহানগর হাকিমের আমলী আদালত সোনাডাঙ্গা, খুলনা এন.আই অ্যাক্ট এর আওতায় ১৩৮ ধারায় মামলা দায়ের করেন। মামলা নং সোনাডাঙ্গা সি, আর-৫১০/১৯। তিনি সুদের ব্যবসায়ের সাথে জড়িত এবং প্রতারণার মাধমে বিভিন্ন জনের নিকট থেকে বিপুল পরিমাণ টাকা হাতিয়ে নিয়েছেন এবং বিভিন্নভাবে সকলের সাথে প্রতারণা করে আসছেন মর্মে তদন্ত প্রতিবেদনে প্রতীয়মান হওয়ায় এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণের' আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইল: dg@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০১৪.২১-৬৫১

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

বিষয়: **নার্সিং ইনস্টিটিউট,পাবনা এর বিভিন্ন সমস্যা সমাধানের অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, পাবনা নার্সিং ইনস্টিটিউট,পাবনা, স্মারক নং নার্সিং ইনস্টি/পাব/২০২১/৮৪১, তারিখ: ১১-০৪-২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে পাবনা নার্সিং ইনস্টিটিউট,পাবনা পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তাগণ নিম্নলিখিত সমস্যাসমূহ উল্লেখপূর্বক প্রতিবেদন দাখিল করেন-

ক. বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা কর্তৃক প্রদেয় বিগত বছরের পরীক্ষার ফলাফল রেজিস্টার বুকে ঠিকভাবে ওঠানো হয়নি এবং রেজিস্টার বুকে স্বাক্ষর ও সিল নেই;
খ. নার্সিং ইনস্টিটিউড,পাবনা এর পরীক্ষার কমিটি, প্রশ্ন মডারেটর কমিটি ও টেবুলেশন কমিটি নেই;
গ. মুজিব কর্নার স্থানটি ঠিকভাবে স্থাপন করা হয়নি, একদিকের দরজা বন্ধ থাকে;
ঘ. ল্যাব ম্যানেজমেন্ট ঠিকভাবে ছিল না, ল্যাবের কোন লিস্ট দিতে পারেননি;
ঙ. নিউট্রিশন ও এনাটমি ফিজিওলজি ল্যাব দেখাতে পারেননি;
চ. শিক্ষক কর্মকর্তাগণ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করেন না:
ছ. ছাত্রী নিবাসে এক কক্ষে ১২-১৫ ছাত্রী থাকেন, তারা সামাজিক দূরত্ব বজায় রাখেন না
জ. ডায়নিং এর খাবারের মান নিম্নমানের, কোন তদারকি নেই;
ঝ. ছাত্রীদের নিকট থেকে টাকা নিয়ে ০৩ জন বহিরাগত কর্মচারীকে বেতন দেওয়া হয়।

০২। এমতাবস্থায়, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, পাবনাকে উপরে বর্ণিত সমস্যা সমাধানের অগ্রগতি সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

১৯-৮-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক

নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, পাবনা।

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০১৪.২১-/১(৮) ৬৫১/১(৮)

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২) যুগ্মসচিব, নার্সিং সেবা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

৩) পরিচালক, পরিচালক (শিক্ষা) অধিশাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

৪) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, পাবনা।

৫) সহকারী পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, পাবনা।

৬) উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৮) মোসা: সাহেদা পারভীন, নার্সিং ইনস্ট্রাক্টর, নার্সিং ইনস্টিটিউট, নওগাঁ (সাবেক: নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, পাবনা নার্সিং ইনস্টিটিউট, পাবনা)।

১৯-৮-২০২১
মো: নাসির উদ্দিন
পরিচালক